



প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে শহীদ আব্দুল কাইয়ুম স্মরণে সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহীদ কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের এআইএস বিভাগের ১৩তম ব্যাচের মেধাবী শিক্ষার্থী আব্দুল কাইয়ুম স্মরণে সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার দুপুর ১২.০০ ঘটিকায় এআইএস বিভাগের কনফারেন্স কক্ষে এই স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নবনিযুক্ত মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মোঃ হায়দার আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নবনিযুক্ত প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মাসুদা কামাল, নবনিযুক্ত ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান এবং বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আহসানউল্লাহ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এআইএস বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. মোহাম্মদ বেলাল।

মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মোঃ হায়দার আলী বলেন, দেশের সব জায়গায় বৈষম্য বিরাজমান ছিল। ছাত্ররা গণঅভ্যুত্থানের মাধ্যমে আমাদেরকে নতুন ভাবে স্বাধীনতা এনে দিয়েছে। আমরা আমাদের দায়িত্ব সঠিকভাবে পালনের মাধ্যমে অনিয়মগুলো দূর করতে সর্বদা সচেষ্ট থাকবো। তিনি আরও বলেন, শহীদ আব্দুল কাইয়ুম স্মরণে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে একটি স্মৃতি চিহ্ন স্থাপনের পদক্ষেপ গ্রহণ করা হবে।

মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর বলেন, কুমিল্লা বিশ্ববিদ্যালয় থেকে দেশের জন্য জীবন দিয়ে আব্দুল কাইয়ুম তার যে ভূমিকাটুকু ছিল সেটা পালন করে গেছে। কিন্তু আরও যে লক্ষ কোটি কাইয়ুম রয়েছে তাদের কাছে দেশটাকে রেখে গেছে। আর যাতে স্বৈরাচারের হাতে দেশে না যায়, সে দিকে লক্ষ্য রেখে এবং সকল শহীদসহ আব্দুল কাইয়ুমকে স্মরণ রেখে আমরা এই দেশটাকে সামনের দিকে এগিয়ে নিতে ভূমিকা রাখবো।

ছাত্র আন্দোলনে সকল শহীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান বলেন, আমরা সততা ও ন্যায় নিষ্ঠার মাধ্যমে দায়িত্ব পালন করে কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবো এবং নতুন বাংলাদেশ গঠনে ভূমিকা রাখবো। এই দেশটাকে যাতে আর কেউ নস্যাত্ত করতে না পারে সেজন্য আমাদেরকে দৃঢ় চেতনা জাগ্রত করে সজাগ থাকতে হবে।

স্মরণসভা শেষে এআইএস বিভাগ ও বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে শহীদ আব্দুল কাইয়ুমের মা-বাবার হাতে সাত লক্ষ টাকার চেক হস্তান্তর করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মোঃ হায়দার আলী। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, প্রক্টর অধ্যাপক ড. মোঃ আবদুল হাকিম, বিভাগীয় প্রধান এবং বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

উল্লেখ্য, শিক্ষার্থী আব্দুল কাইয়ুম গত ৫ আগস্ট বৈষম্যবিরোধী গণঅভ্যুত্থানে 'লং মার্চ টু ঢাকা' কার্যক্রমে অংশগ্রহণকালীন সময়ে গুলিবিদ্ধ হয়ে সাভার এনাম মেডিকলে চিৎসাধীন অবস্থায় শহীদ হন।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।